**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অপারেশন সিন্দুর সফলভাবে পরিচালনার জন্য সশস্ত্র বাহিনীর প্রশংসা করেন ।**

**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু দেশের বর্তমান পরিস্থিতিতে সবাইকে ঐক্যবদ্ধ হবার আহ্বান জানিয়েছেন।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সহর্ষ উৎসবের উদ্বোধন করেন।**

**(৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশে আপদকালীন ব্যবস্থা গ্রহনের অঙ্গ হিসাবে আজ রাজ্যেও মকড্রিল অনুষ্ঠিত হয়।**

******************************************

**Operation Sindoor :**

ভারতীয় সশস্ত্র বাহিনী সন্ত্রাসীদের বিরুদ্ধে "অপারেশন সিন্দুরের" মাধ্যমে পাকিস্তান ও পাক অধিকৃত জম্মু ও কাশ্মীরের ৯টি সন্ত্রাসী পরিকাঠামো সম্পূর্ণরূপে ধ্বংস করে দিয়েছে। গতকাল মধ্যরাতের পর ভারতীয় সশস্ত্র বাহিনী 'অপারেশন সিন্দুর' শুরু করে। প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, কোনও পাকিস্তানি সামরিক স্থাপনা লক্ষ্যবস্তু করা হয়নি। আরও বলা হয়েছে, লক্ষ্যবস্তু নির্বাচন এবং কার্যকর করার পদ্ধতিতে ভারত যথেষ্ট সংযম প্রদর্শন করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সারা রাত ধরে অপারেশন সিঁদুর পর্যবেক্ষণ করেন। প্রধানমন্ত্রী আজ অপারেশন সিন্দুর সফলভাবে পরিচালনার জন্য সশস্ত্র বাহিনীর প্রশংসা করেন। অপারেশন সিন্দুরের পরিপ্রেক্ষিতে সরকার আগামীকাল সকাল ১১টায় একটি সর্বদলীয় বৈঠক ডেকেছে।

গতকালের এই অপারেশনের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর ক্রোয়েশিয়া, নরওয়ে এবং নেদারল্যান্ডস সফর স্থগিত করেছেন।

কর্নেল সোফিয়া কুরেশি এবং উইং কমান্ডার ব্যোমিকা সিং গতকালের অপারেশন সিন্দুরে নেতৃত্ব দেন। আজ নতুনদিল্লিতে বিদেশ সচিব বিক্রম মিস্রি সাংবাদিক সম্মেলনে সেনাবাহিনীর এই অভিযানের বিভিন্ন দিক তুলে ধরেন।

#####Byte-Misri#####

কর্নেল সোফিয়া কুরেশিও অপারেশন সিন্দুর সম্পর্কে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

#####Byte- Sofiya Qureshi#####

উইং কমান্ডার ব্যোমিকা সিংও এ সম্পর্কে কথা বলেন।

#####Byte- Vyomika Sing#####

পহেলগাম সন্ত্রাসী হামলায় নিহত কর্ণালের নৌবাহিনীর লেফটেন্যান্ট বিনয় নারওয়ালের পরিবারের সদস্যরা অপারেশন সিন্দুরের অধীনে পাকিস্তানি সন্ত্রাসীদের আস্তানা ধ্বংসের ঘটনায় আনন্দ প্রকাশ করেছেন। শিবমোগায়, পহেলগামে নিহত মঞ্জুনাথ রাওয়ের মা সুমতি, ভারতীয় সেনাবাহিনীর প্রতিক্রিয়ায় সন্তুষ্টি প্রকাশ করেছেন।

কেরালার কোচির নিহত রামচন্দ্রনের কন্যা আরতি মেনন, পাকিস্তানি সন্ত্রাসী শিবিরে ভারতীয় সেনাবাহিনীর আক্রমণের কথা শুনে স্বস্তি প্রকাশ সন্ত্রাসী হামলার শিকার শুভম দ্বিবেদীর বাবা সঞ্জয় দ্বিবেদী পাকিস্তান এবং পাক-অধিকৃত কাশ্মীরে সন্ত্রাসী শিবিরে অপারেশন সিন্দুর পরিচালনার জন্য ভারতীয় সেনাবাহিনী এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানিয়েছেন।

********************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু দেশের বর্তমান পরিস্থিতিতে জাতি, ধর্ম নির্বিশেষে, লোভ, স্বার্থ দূরে রেখে দেশকে শক্তিশালী করার লক্ষ্যে সবাইকে ঐক্যবদ্ধ হবার আহ্বান জানান। আজ বিশ্ব রেডক্রস দিবস উপলক্ষে আগরতলায় ইন্ডিয়ান রেডক্রস সোসাইটির রাজ্য শাখার কার্যালয়ে দুদিন ব্যাপী কর্মসূচির অঙ্গ হিসাবে রক্তদান শিবিরের উদ্বোধন করে একথা বলেন তিনি। পাকিস্তানের সন্ত্রাসবাদীদের ঘাঁটি গুঁড়িয়ে দেওয়ার প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন যারা দেশ বিরোধী ও দেশেকে যারা খারাপ নজরে দেখে সরকার তাদের কাউকেই ছাড় দেবে না, প্রধানমন্ত্রী আগেই এই বার্তা দিয়েছিলেন।

#######Byte-Governor#######

তিনি বলেন, দেশকে শক্তিশালী করার লক্ষ্যে সরকারের ঘোষণা অনুযায়ী আজ দেশজুড়ে সমস্ত গুরুত্বপূর্ণ জায়গায় মকড্রিল করা হচ্ছে। এটি নিছক অনুষ্ঠান নয়, দেশের সুরক্ষার প্রশ্নে কৌশলগত প্রয়োজনীয়তা। রাজ্যপাল বলেন আমরা সেবা ও সহনশীলতা এই দ্বৈত উদ্দেশ্যকে পালন করে কঠিন সময়ে রেডক্রস স্বেচ্ছাসেবকরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। তিনি বলেন বিশ্ব রেডক্রস দিবসের মূল ভাবনা মানবতাকে জীবিত রাখা। রক্তদান সম্পর্কে তিনি বলেন এটি একে অপরকে মানবতার বন্ধনে আবদ্ধ করে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইন্ডিয়ান রেডক্রস সোসাইটি রাজ্য শাখার সাধারণ সম্পাদক চন্দন দেবনাথ, সহ-সভাপতি পরমানন্দ সরকার ব্যানার্জি। অনুষ্ঠানের শুরুতেই রেড ক্রসের প্রতিষ্ঠাতা হেনরি ডুনান্টের প্রতিকৃতিতে ফুল মালা দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন রাজ্যপাল সহ অন্যান্য অতিথিরা। রক্তদান শিবিরে মোট ৩৪ জন রক্তদান করেন।

*******************************

**Saharsh Utsav :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সহর্ষ উৎসবের উদ্বোধন করে বলেন, ছাত্রছাত্রীদের অন্তর্নিহিত ইচ্ছা জাগ্রত করতে এই উৎসব অনুষ্ঠিত হচ্ছে। তিনি জানান, ২০২৩ সাল থেকে

রাজ্যে বাছাই করা স্কুলে সহর্ষ কারিকুলাম চালু করা হয়। এসসিইআরটি আয়োজিত এই কার্যক্রমে ছাত্রছাত্রীদের দশদিন ব্যাগ ছাড়া স্কুলে আসার কর্মসূচীর প্রশংসা করেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, জাতীয় শিক্ষানীতির সফল বাস্তবায়নের লক্ষ্যে রাজ্যে প্রথম থেকে অষ্টম শ্রেণির জন্য তৈরি করা সহর্ষ পাঠ্যক্রম ছাত্র-ছাত্রীদের প্রিয় হয়ে উঠেছে। পূর্ব ভারতের মধ্যে ত্রিপুরায় প্রথম এই পাঠ্যক্রম চালু করা হয়। মুখ্যমন্ত্রী বলেন, শুধুমাত্র পুঁথিনির্ভর শিক্ষাই নয়, আনন্দঘন পরিবেশে ভবিষ্যতের জন্য দেশাত্মবোধসম্পন্ন, নির্ভীক, মানবিক মূল্যবোধসম্পন্ন, সহানুভূতিশীল, সচেতন, বৌদ্ধিকভাবে সক্ষম ও সামাজিক দায়বদ্ধ নাগরিক নির্মাণে নিবেদিত এই পাঠ্যক্রম তৈরি করা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষকরা যেভাবে শিশুদের গড়ে তুলবেন, আমাদের ভবিষ্যৎ প্রজন্ম সেভাবেই গড়ে উঠবে। শৈশবকালে গুনগত যে শিক্ষা দেওয়ার প্রয়োজন সহর্ষ কর্মসুচির মাধ্যমে তা দেয়া সম্ভব। অনুষ্ঠানে ভাষণ দেন, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা প্রমুখ।

পরে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে মুখ্যমন্ত্রী গতকাল রাতে অপারেশন সিন্দুর নিয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

########Byte-CM#######

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Mok Drill :**

সম্ভাব্য আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় আগাম সতকর্তামূলক যথাযথ প্রস্তুতির অঙ্গ হিসাবে আজ রাজধানীর উমাকান্ত স্কুলে সিভিল ডিফেন্সের উদ্যোগে মক ড্রিলের আয়োজন করা হয়। এই মহড়ায় পশ্চিম ত্রিপুরা জেলার দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও জেলা সিভিল ডিফেন্স কর্পস নেতৃত্ব দেয়। এদের সঙ্গে ছিল পুলিশ, দমকল, চিকিৎসা সহায়তা এবং অন্যান্য জরুরি সেবা সংস্থাগুলি। মহড়ায় অংশ নিয়েছেন সিভিল ডিফেন্স স্বেচ্ছাসেবকরা। মহড়ায় ছিল বিমান হামলার সতর্ক সংকেত প্রচার, অনুসন্ধান ও উদ্ধার অভিযান, অগ্নিনির্বাপন, প্রাথমিক চিকিৎসা এবং চিকিৎসা সহায়তার অনুশীলন। আজ পশ্চিম ত্রিপুরার জেলা শাসক ডাঃ বিশাল কুমার জানান, মহড়ায় অংশ নিয়েছে এনসিসি, ত্রিপুরা স্টেট রাইফেলস, হোম গার্ডস, 'আপদা মিত্র' স্বেচ্ছাসেবকরা, চিকিৎসা দল এবং ত্রিপুরা ফায়ার অ্যান্ড এমারজেন্সি সার্ভিস। মহড়ার পর্যায় বোঝাতে দুটি পৃথক ধাপে সাইরেন বাজানো হয়। এই মহড়া রাজ্যের দুর্যোগ মোকাবিলা ব্যবস্থাকে আরও কার্যকর করে তুলতে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে জানান তিনি।

ঊনকোটি জেলার অধীন কৈলাশহর ও কুমারঘাট মহকুমার  একাধিক স্থানে আজ বিকালে দুর্যোগ বা যুদ্ধকালীন পরিস্থিতি মোকাবিলার বিষয়ে সম্মিলিত মহড়াপর্ব অনুষ্ঠিত হয়েছে।

গোমতী জেলাতেও আজ জেলাতেও মক ড্রিল করা হয়। আজ সন্ধ্যায় উদয়পুর মহকুমা শাসক অফিসে সাংবাদিক সম্মেলনে গোমতী জেলা শাসক তড়িৎ কান্তি চাকমা জানান, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশ অনুযায়ী জেলায় আজ একই সঙ্গে ১৫টি জায়গায় মহড়া অনুষ্ঠিত হয়।

আজ সিপাহীজলা জেলার মোট ৪টি স্থানে একযোগে অনুষ্ঠিত হয়েছে মক ড্রিল। জেলাশাসক অফিস ছাড়াও জেলার অন্তর্গত সোনামুড়া ,বিশালগড় ও জম্পুইজলা মহকুমায় অনুষ্ঠিত এই মক ড্রিলে সিভিল ডিফেন্স ভলেন্টিয়ার, আপদামিত্র, NCC, NSS, NDRF ও বিভিন্ন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা অংশগ্রহন করেন। আজ দক্ষিন জেলার বিলোনিয়া মহকুমার বিলোনিয়া ভিতর বাজার ও বিলোনিয়া পুর পরিষদের অফিস, শান্তিরবাজার মহকুমার শান্তিরবাজার পুর পরিষদের অফিস ও শান্তিরবাজার বাজার এবং সাব্রুম মহকুমার মৈত্রী সেতু সংলগ্ন এলাকা, সাব্রুম মেলার মাঠ ও মহকুমা শাসকের অফিসে মহড়া অনুষ্ঠিত হয়।

*****************************

**Rajnath Singh :**

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ বলেছেন যে, ভারতীয় সশস্ত্র বাহিনী অপারেশন সিন্দুরের সময় তাদের বীরত্ব ও সাহসিকতা প্রদর্শন করে ইতিহাস রচনা করেছে। তিনি বলেন, সশস্ত্র বাহিনী অপারেশনের সময় নির্ভুলতা, সতর্কতা এবং সংবেদনশীলতার সাথে কাজ করেছে এবং পরিকল্পিত কৌশল অনুসারে নির্ধারিত লক্ষ্যবস্তু ধ্বংস করেছে। নতুনদিল্লিতে ছয়টি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৫০টি বর্ডার রোড অর্গানাইজেশন পরিকাঠামো প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় শ্রী সিং একথা বলেন। মন্ত্রী আরও বলেন যে, অপারেশনের সময় কোনও অসামরিক জনগোষ্ঠী যাতে ক্ষতিগ্রস্ত না হয় তা নিশ্চিত করে সশস্ত্র বাহিনী সংবেদনশীলতা দেখিয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের সশস্ত্র বাহিনী সন্ত্রাসীদের শিবির ধ্বংস করে উপযুক্ত জবাব দিয়েছে।

********************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ বিকেলে সীমান্তবর্তী রাজ্যগুলির মুখ্যমন্ত্রী, পুলিশের মহানির্দেশক এবং মুখ্য সচিবদের সঙ্গে বৈঠকের সভাপতিত্ব করেন। জম্মু ও কাশ্মীর, পাঞ্জাব, রাজস্থান, গুজরাট, উত্তরাখণ্ড,

উত্তরপ্রদেশ, বিহার, সিকিম, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এবং লাদাখ ও জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নররা এই বৈঠকে অংশগ্রহণ করেন।

******************************

**Sindoor-CPIM :**

অপারেশন সিঁদুর প্রসঙ্গে সিপিআইএম পলিটব্যুরোর তরফে জানানো হয়েছে “অপারেশন সিঁদুর ভারতীয় সশস্ত্র বাহিনীর দ্বারা পরিচালিত অভিযান, যার উদ্দেশ্য ছিল পাক-অধিকৃত কাশ্মীর ও পাকিস্তানে অবস্থিত সন্ত্রাসবাদী শিবির ও তার পরিকাঠামো ধ্বংস করা। সন্ত্রাসবাদী ও তাদের মদতদাতাদের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকার যে পদক্ষেপ গ্রহন করেছে সর্বদলীয় বৈঠকে সমস্ত রাজনৈতিক দল তাকে সমর্থন জানিয়েছে। বলা হয়, এই পদক্ষেপের পাশাপাশি, পাকিস্তানের ওপর চাপ অব্যাহত রাখা উচিত যাতে তারা পহেলগাঁওয়ে নিরীহ মানুষের হত্যাকাণ্ডের অপরাধীদের হস্তান্তর করে এবং নিশ্চিত করে যে সেই ভূখণ্ড থেকে কোনো সন্ত্রাসবাদী শিবির যেন আর পরিচালিত না হয়।

****************************

**Women's Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া টি-২০ সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার সুপার সিক্সের আজ দুটি খেলা হয়। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় তরুণ সংঘ কোচিং সেন্টার ৯ উইকেটে চাম্পামুড়া কোচিং সেন্টারকে পরাজিত করে। একই মাঠে মৌচাক ক্লাব ৩৯ রানে ইউনাইটেড ফ্রেন্ডসকে হারিয়ে দেয়।

*****************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ইকফাই ফুটবল ক্লাব জয়লাভ

করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ইকফাই ৫-০ গোলে উমাকান্ত কোচিং সেন্টারকে পরাজিত করে।

******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি, খোয়াই, ধলাই এবং পশ্চিম জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। দু এক জায়গায় হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৭ ডিগ্রি সেলসিয়াস।

*******************************